শ্যামল ছায়া, নাইবা গেলে
শেষ বরষার ধারা ঢেলে ॥
সময় যদি ফুরিয়ে থাকে— হেসে বিদায় করো তাকে,
এবার নাহয় কাটুক বেলা অসময়ের খেলা খেলে ॥
মলিন, তোমার মিলাবে লাজ—
শরৎ এসে পরাবে সাজ ।
নবীন রবি উঠবে হাসি, বাজাবে মেঘ সোনার বাঁশি—
কালোয় আলোয় যুগলরূপে শূন্যে দেবে মিলন মেলে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Sasthi, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail